

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
শুঞ্জলা শাখা
Mefwd.gov.bd

নং-৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫৩.২০- ২৮৯

তারিখ: ৩০ কার্তিক ১৪২৭
১৫ নভেম্বর ২০২০

অভিযোগনামা

যেহেতু, আপনি ডা. সৈয়দা সুলতানা পারভীন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), বাবুগঞ্জ, বরিশাল বিনা কারণে ক্লিনিক্যাল এবং নন-ক্লিনিক্যাল কর্মচারীদের সাথে দুর্ব্যবহার করেন;


যেহেতু, আপনি ক্লিনিক্যাল কর্মচারীদের এ মর্মে হুমকি প্রদান করেন যে, তারা পিআরএল ও পেনশনের টাকা জীবনে ভোগ করে যেতে পারবে না, তাদের বেতন ভাতাদি বন্ধ করে দেওয়া হবে এবং মাসিক সভায় সকল কর্মচারীকে অশোভন কথাবার্তা বলেন;

যেহেতু, আপনি ২২/০৯/২০১৯ তারিখে বাবুগঞ্জ উপজেলার রহমতপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের নির্ধারিত ক্যাম্পে খুলতে আসা ইমপ্লান্ট রাজগুরু গ্রামের অনিকের স্ত্রী বৃষ্টি বেগম নামক, মুমূর্ষু রোগীকে সকাল ১০ টা হতে দুপুর ০২টা পর্যন্ত বসিয়ে রেখে ইমপ্লান্ট খুলে না দিয়ে অশোভন আচরণ করে ওটি থেকে বের করে দেন;

যেহেতু, আপনি ইচ্ছাকৃতভাবে বৃষ্টি বেগমকে সেবা থেকে বঞ্চিত করেছেন এবং রোগীবান্ধব আচরণ করেননি। আপনার এরূপ কার্যক্রমে মা ও শিশু স্বাস্থ্য সেবা এবং পরিবার পরিকল্পনা কার্যক্রম ব্যাহত হয়েছে এবং বিভাগীয় ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে;

যেহেতু, আপনার উপরোক্ত কার্যকলাপ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে এবং আপনার উক্ত কার্যকলাপ অসংগত, চাকরির শৃঙ্খলার জন্য হানিকর ও শিষ্টাচার বহির্ভূত। আপনার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) ধারা মোতাবেক অসদাচরণ এর পর্যায়ভুক্ত বা উক্ত বিধিমালার বিধি ৩ এর (খ) মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে দোষী হিসেবে গণ্য হওয়ার যোগ্য ও শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনার এহেন কার্যকলাপের জন্য আপনাকে 'সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। উক্ত অভিযোগের দায়ে কেন আপনাকে উল্লিখিত বিধিমালার ৪ (৩) (ঘ) বিধি মোতাবেক সরকারি 'চাকুরী হইতে সরাসরকরণ' দণ্ড প্রদান করা হবে না বা উপরোক্ত বিধিমালার আওতায় অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, সে সম্পর্কে আপনার লিখিত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও লিখিত জবাবে উল্লেখ করতে হবে। যে সকল অভিযোগের ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে, তার একটি বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।


(মোঃ আলী নূর)
সচিব


ডা. সৈয়দা সুলতানা পারভীন
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)
বাবুগঞ্জ, বরিশাল

নং -৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫৩.২০- ২৮-৯

তারিখ: ৩০ কার্তিক ১৪২৭
২৫ নভেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
(তথ্যটি রেজিষ্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বরিশাল।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণপূর্বক প্রতিবেদন অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।


১৩/১১/২০২০
(উম্মে কুলসুম)
উপসচিব

ফোন: ৯৫৪৬৩৭৬

Email: disc1@mefwd.gov.bd